

বাংলাদেশ সুপ্রীম কোর্ট  
হাইকোর্ট বিভাগ, ঢাকা।  
(প্রশাসন শাখা)  
[www.supremecourt.gov.bd](http://www.supremecourt.gov.bd)

স্মারক নং-

৪২৮২/৪/-এ,

তারিখঃ ০২ জ্যৈষ্ঠ ১৪২৬ বঙ্গাব্দ  
১৬ মে ২০১৯ খ্রিস্টাব্দ

বিষয়ঃ দৈনিক কার্যতালিকা (কজ-লিস্ট) সাময়িক সময়ের জন্য মুদ্রণ না হওয়া প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস, তেজগাঁও, ঢাকা হতে প্রেরিত বিগত ১২/৫/২০১৯ খ্রিস্টাব্দের পত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, বিগত বছরগুলোতে বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের দৈনিক কার্যতালিকা (কজ-লিস্ট) ১০০ ফর্মা হলেও বর্তমানে তা গড়ে ১৩০ ফর্মা। দৈনিক কার্যতালিকার ফর্মা সংখ্যা বৃদ্ধি পাওয়ায় পিএস প্লেটের সংকট দেখা দিয়েছে এবং অতিরিক্ত পিএস প্লেট ক্রয়ের কার্যক্রম গ্রহণ করা হলেও পিএস প্লেটের ভ্যাট ১% হতে ২৯% এ বৃদ্ধি পাওয়ায় আমদানীকারকগণ পিএস প্লেট সরবরাহ করতে পারছে না। প্রয়োজনীয় পিএস প্লেট সরবরাহ হতে আরও ১৫ দিন সময় লাগবে বিধায় উক্ত সময়ে দৈনিক কার্যতালিকা (কজ-লিস্ট) মুদ্রণ করা সম্ভব হবে না মর্মে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেসের বর্ণিত পত্রে উল্লেখ করা হয়েছে।

বর্ণিত অবস্থার প্রেক্ষাপটে, আগামী ১৯/৫/২০১৯ খ্রিস্টাব্দ হতে পিএস প্লেট সরবরাহ না হওয়া পর্যন্ত সময়কালে গভর্নমেন্ট প্রিন্টিং প্রেস বাংলাদেশ সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের দৈনিক কার্যতালিকা (কজ-লিস্ট) মুদ্রণ করতে পারছে না বিধায় সুপ্রীম কোর্ট কর্তৃপক্ষ আন্তরিকভাবে দৃঢ়ঘূষিত।

উক্ত সময়ে বাংলাদেশ সুপ্রীম কোর্টের ওয়েবসাইটে প্রকাশিত অনলাইন কজ-লিস্ট ব্যবহার করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো। একই সঙ্গে দৈনিক কার্যতালিকা (কজ-লিস্ট) মুদ্রণের দ্রুত ব্যবস্থা গ্রহণের জন্য মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা-কে নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

মাননীয় প্রধান বিচারপতির সানুগ্রহ আদেশক্রমে,

(ড. মোঃ জাকির হোসেন) ২১/৫/২০১৯  
রেজিস্ট্রার জেনারেল ২০১৯

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যৈষ্ঠার ত্রুট্যানুসারে নয়):

১. বিজ্ঞ অ্যাটর্নি-জেনারেল, অ্যাটর্নি জেনারেলের কার্যালয়, ঢাকা।
২. সভাপতি, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি।
৩. সাধারণ সম্পাদক, বাংলাদেশ সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতি (সুপ্রীম কোর্ট আইনজীবী সমিতির নোটিশ বোর্ডে প্রচারের অনুরোধসহ)
৪. মহাপরিচালক, মুদ্রণ ও প্রকাশনা অধিদপ্তর, তেজগাঁও, ঢাকা।
৫. সিস্টেম এনালিস্ট, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা। (বাংলাদেশ সুপ্রীম কোর্ট ওয়েবসাইটে প্রকাশের জন্য)।
৬. পি.ও টু মাননীয় বিচারপতি (সকল) (মাননীয় বিচারপতি মহোদয়গণের সমীক্ষে উপস্থাপন করার জন্য বলা হলো)।
৭. সুপারিনটেন্ডেন্ট, বেঞ্চ ও ডিক্রি শাখা, হাইকোর্ট বিভাগ, বাংলাদেশ সুপ্রীম কোর্ট, ঢাকা।
৮. নোটিশ বোর্ড (সকল)।